জীবননগরে জাতীয় ভোটার দিবস পালিত

জীবননগরে র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে জাতীয় ভোটার দিবস উপলক্ষে উপজেলা চত্বর থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি)তিথি মিত্র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর উপজেলা নির্বাচন অফিসার মোঃ মেজর আহম্মেদ প্রমুখ।

আলোচনা সভা শেষে নতুন ভোটারদের মাঝে স্মার্ট ভোটের আইডি কার্ড বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনা নববধুর সামনে স্বামীর মৃত্য আহত ২

চুয়াডাঙ্গায় নববধূকে সাথে নিয়ে মটরসাইকেলে ঘুরতে বেরিয়ে সড়ক দূর্ঘটনায় স্বামী শামীম হোসেন (২২) নামের এক ব্যাক্তির মর্মান্তিক মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার রাতে দর্শনা হিজলগাড়ি-গড়াইটুপি সড়কে এ মর্মান্তিক দূর্ঘটনাটি ঘটে। এ দূর্ঘটনায় স্ত্রী সোনিয়া খাতুন ও শালাজি বৌ

সেলিনা খাতুন আহত হয়েছে।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামের মৃত শফি উদ্দিনের ছেলে শামীম হোসেন (২২) একই উপজেলার তিতুদহ ইউনিয়নের বলদিয়া বিশ্বাস পাড়ার মনিরুল ইসলামের মেয়ে সোনিয়া খাতুনের (১৮) সাথে গত শুক্রবার পারিবারিকভাবে বিবাহ হয়।

এ বিয়ের পর শামীম হোসেন নববধূকে সাথে নিয়ে শ্বশুর বাড়ি দশবদনে যায়। গতকাল বৃহস্পতিবার রাত পৌনে ৮টার দিকে শামীম মটরসাইকেলে স্ত্রী ও শ্যালকের বৌকে নিয়ে ঘুরতে বের হয় শামীম।

এসময় বলদিয়া হতে হিজলগাড়ি অভিমুখে আসার পথে সড়কে হিজলগাড়ি কেরুজ ব্যাণিজ্যিক খামারের সামনে পৌছালে একটি কুকুরের সাথে মটরসাইকেলের ধাক্কা লাগে। এতে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা গাছের সাথে ধাক্কা লেগে ছিটকে পড়ে গুরুতর আহত হয়।

এসময় আশেপাশের লোকজন আহতদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা হাসপাতালে নেয়। সেখানে নেওয়ার পর হাসপাতালের কর্তব্য চিকিৎসক পরীক্ষা- নিরীক্ষা শেষে শামীম হোসেনকে মৃত ঘোষণা করে। মৃত শামীম হোসেনের লাশ চুয়াডাঙ্গা হাসপাতালে রাখা হয়েছে। সেই সাথে আহত স্ত্রী সোনিয়া খাতুন (১৮) ও শ্যালাজির স্ত্রী সেলিনা খাতুনকে
(২২) হাসপাতালে ভর্তি রয়েছে।

এদিকে শামীমের অকাল মৃত্যুতে পিতা ও শ্বশুর বাড়ির গ্রামে বইছে শোকের মাতন।

দামুড়হুদায় অপহরণ মামলার আসামি ইমরান গ্রেফতার

দামুড়হুদায় ১৪ বছরের নাবালিকা মেয়ে অপহরণ মামলার আসামিকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে আসামির নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার

করা হয়। গ্রেফতারকৃত হলেন উপজেলার দুলালনগর গ্রামের চাল্লিশ খাঁর ছেলে ইমরান আলী খাঁ (২০)।

এজাহার সুত্রে জানাগেছে, উপজেলার নাটুদাহ ইউনিয়নের বোয়ালমারী গ্রামের বাকের আলী’র ৭ম শ্রেণির ছাত্রী নাবালিকা মেয়েকে দীর্ঘদিন ধরে প্রেমের প্রস্তাব দিয়ে আসছিল ইমরান। প্রস্তাবে রাজি না হওয়ার কারণে গত ১৭-০২-২০২৩ ইং তারিখে রোজ শুক্রবার রাতে আগে থেকেই বাড়ির পাশে লুকিয়ে ছিল ইমরান। রাত সাড়ে ১১টার দিকে প্রকৃতির ডাকে সাড়া দিতে বাইরে বেরোলে জোরপূর্বক তাকে অপহরণ করা হয়।

দামুড়হুদা মডেল থানায় ওই অপহরণ মামলার জের ধরে পুলিশ অফিসার এসআই মঞ্জুরুল হক সঙ্গীয় ফোর্স নিয়ে গতকাল সকালে আসামিকে তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করে। সেই সঙ্গে নাবালিকা মেয়েকেও উদ্ধার করেছে পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় বোয়ালমারী গ্রামে কৃষকের গোয়াল ঘরে অগ্নিকাণ্ডে গরু ছাগল ভস্মীভূত

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের বোয়ালমারী পশ্চিম পাড়ার কৃষক আলালের ছেলে জহিরুলের বাড়ির গোয়াল ঘরে আগুন লেগে তিনটি গরু ও দু’টি ছাগলের মৃত্যু হয়েছে।

আজ বৃহস্পতিবার ভোর সাড়ে ৫টার দিকে এ দুর্ঘটনা ঘটে। আগুন নেভানোর আগেই গরু ও ছাগলগুলো মারা যায়। পরে মেহেরপুরের ফায়ার সার্ভিসের কর্মীরা খবর পেয়ে ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রে নেবার আগেই সব পড়ে ভস্মীভূত হয়ে যায়।

জানা যায়, দামুড়হুদা উপজেলার নাটুদার বোয়ালমারীর কৃষক জহিরুল ইসলাম মশার উপদ্রব থেকে রক্ষা পেতে প্রতিদিনের ন্যায় গোয়াল ঘরের

ভিতরে মশার কয়েল জ্বালান এবং মাঝে মাঝে পোয়াল দিয়ে ধুমা দেন। ধারণা করা হচ্ছে এ থেকেই আগুনের সূত্রপাত হয়েছে। আগুন লেগে তিনটি জার্সি গরু, দু’টি ছাগলসহ গোয়ালঘরটিও পুড়ে ভস্মীভূত হয়ে গেছে।

সবমিলে অন্তত ৩ লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে। এছাড়াও বিভিন্ন এনজিওতে ঋণ রয়েছে। জহিরুল বলেন, কৃষি জমি চাষাবাদ করে ৬ সদস্যের পরিবার নিয়ে অভাবের সংসার আমার। গরু ও ছাগলগুলো মারা যাওয়ায় আমি একদম নিঃস্ব হয়ে গেলাম।

সকালে স্থানীয় ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে ছুটে আসেন ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা দুর্ঘটনাস্থল পরিদর্শন করেন এবং নগদ অর্থ জহিরুলের হাতে তুলে দেন।

এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন কৃষক জহিরুলের গরুগুলো পুড়ে মারায় বড় ক্ষতি হয়ে গেল। এ অবস্থায় তার সহযোগিতা প্রয়োজন। আমার অফিস বরাবর একটি লিখিত দরখাস্ত করার জন্য বলা হয়। আমার অফিসের পক্ষে থেকে সার্বিক সহযোগিতা করবো।

দর্শনা হল্ট ষ্টেশনে সুন্দরবন আপ ও চিত্রা ডাউন স্টপেজের দাবিতে রেলপথ অবরোধ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা হল্ট ষ্টেশনে সুন্দরবন আপ ও চিত্রা ডাউন স্টপেজের দাবিতে রেলপথ অবরোধ করা হয়েছে।

বুধবার বেলা ১১টার দিকে দর্শনার জন্য আমরা সংগঠন এই অবরোধ করে। এ সময় দর্শনা হল্ট ষ্টেশনে খুলনা থেকে আসা রুপসা এক্সপ্রেস ট্রেন প্রায় আধাঘন্টা রেললাইনে অবরোধ করে রাখে স্থানীয় নেতৃবৃন্দ ছাত্র-ছাত্রীসহ সাধারণ মানুষ।

জানা গেছ, গত এক বছর ধরে দর্শনার জন্য আমরা সংগঠন দর্শনা হল্ট

ষ্টেশনে ঢাকা গামী সুন্দরবন আপ ও চিত্রা ডাউনের যাত্রা বিরতি। দর্শনা পুরাতন আন্তর্জাতিক রেল স্টেশন থেকে ২ টি যাত্রীবাহী ট্রেন পুনঃচালু। দর্শনা হঠাৎ পড়া রেলগেট ও পুরাতন বাজার রেলগেটে উভরপাস অথবা আন্ডারপাস করা। দর্শনা রেল আন্তর্জাতিক রেলওয়ে ওয়াগেন টার্মিনাল স্থাপন সহ ৬ দফা দাবিতে করে আসছে।

অবরোধে বক্তব্য রাখেন দর্শনার জন্য আমরা সংগঠন আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের শিক্ষা বিষয়ক সম্পাদক ও বাংলাদেশ ইউপি চেয়ারম্যান এ্যাসোসিয়েশনের সভাপতি চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, দর্শনা প্রেসক্লাবের সভাপতি মোঃ আওয়াল হোসেন, সংগঠনের সদস্য ইমরুল কাইয়ুম, সাংস্কৃতিক সংগঠক একেএম রবিউল আলম, বীর মুক্তিযোদ্ধা আবুল বাশার, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, বীর মুক্তিযোদ্ধা আব্দুস সবুর, উদীচী চুয়াডাঙ্গার সভাপতি হাবিবি জহির রায়হান, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থাগারের সমন্বয়ক আবু সুফিয়ান, বাংলাদেশ জাসদের চুয়াডাঙ্গা জেলা সম্পাদক শামসুল আলম বক্তব্য রাখেন।

পরে ঘটনাস্থলে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা উপস্থিত হন। এসময় তিনি সুন্দরবন আপ ও চিত্রা ডাউন স্টপেজের বিষয়টি খুব দ্রুত কার্যকর হওয়ার আশ্বাস দিলে অবরোধ প্রত্যাহার করে নেতৃবৃন্দ।

দামুড়হুদায় পরিত্যক্ত অবস্থায় দুইটি মোটরসাইকেল উদ্ধার

দামুড়হুদায় আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের সামনে থেকে পরিত্যক্ত অবস্থায় দুইটি মোটরসাইকেল উদ্ধার করেছেন দামুড়হুদা মডেল থানা পুলিশ। গতকাল মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে পরিত্যক্ত অবস্থায় মোটরসাইকেল দুইটি উদ্ধার করা হয়।

পুলিশ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার সদরে আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজর সামনে রাত সাড়ে ১২টার দিকে দামুড়হুদা মডেল থানার এএসআই মামুন এবং এএসআই লস্কর সাহাবুদ্দিন ডিউটি চলাকালীন অবস্থায়

মালিক বিহীন ০২ (দুই) টি মোটরসাইকেল উদ্ধার করেন। একটি হলো রেজিস্ট্রেশন বিহীন ১১০সিসি টিভিএস মেট্রো প্লাস এবং অপরটি হলো সিবিজেড ১৫০সিসি যাহার রেজিস্ট্রেশন নাম্বার- মেহেরপুর- ল-১১০২২৮। মালিক বিহীন মোটরসাইকেল দুইটি উদ্ধার করে দামুড়হুদা মডেল থানা হেফাজতে রয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, মালিক বিহীন পরিত্যক্ত অবস্থায় দুইটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে। এখনো পর্যন্ত মোটরসাইকেলের দাবী নিয়ে কেউ যোগাযোগ করেনি, আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

দামুড়হুদায় ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদায় ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১১টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন সাইফুল আলম।

এসময় বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন।

এসময় আরও উপস্থিত ছিলেন সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা

মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন। দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলামসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় বীমা দিবস পালিত

“আমার জীবন আমার সম্পদ, বীমা করলে থাকবে নিরাপদ” এই প্রতিপাদ্য নিয়ে দামুড়হুদা উপজেলায় জাতীয় বীমা দিবস ২০২৩ উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে বুধবার বেলা ১০ টার সময় উপজেলা চত্বরে র্যালি ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, ফারইষ্ট ইসলামী লাইফ ইন্সুইরেন্স কোম্পানী লিঃ এর চুয়াডাঙ্গা জোনাল ইনচার্জ ও জাহাঙ্গীর আলম, পপুলার লাইফ ইন্সুইরেন্সে ছোটনসহ বিভিন্ন বীমা কোম্পানির কর্মকর্তা ও উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় পুলিশ মেমোরিয়াল ডে পালিত

আইন-শৃঙ্খলা রক্ষায় কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের স্মরণে চুয়াডাঙ্গা জেলা সহ দেশব্যাপী বুধবার (১ মার্চ) সকল পুলিশ ইউনিটে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে ‘পুলিশ মেমোরিয়াল ডে ২০২৩’।

সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গা জেলা পুলিশ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। এসব কর্মসূচির মধ্যে ছিল পুলিশ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ সদস্যদের পরিবারবর্গকে সম্মাননা স্মারক প্রদান।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ লাইন্সে এ দিবসটি পালন করা হয়। বুধবার সকালে পুলিশ লাইন্স চত্বরে নির্মিত অস্থায়ী পুলিশ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। পরে একে একে সদর সার্কেল, দামুড়হুদা সার্কেল, সিআইডি, ডিবি, ডিএসবিসহ সকল থানার অফিসার ইনচার্জবৃন্দ, নিহত পুলিশ সদস্যদের পরিবারবর্গ গভীর শ্রদ্ধায় স্মৃতিস্তম্ভে পুস্পস্তবক অর্পণ করেন। অনুষ্ঠানের শুরুতে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত সকলে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করে তাদের প্রতি সম্মান জানান

২০২১ সাল এবং তার পূর্বে চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা ও পুলিশ সদস্য যারা জেলার বাহিরে বিভিন্ন ইউনিটে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী তাদের ০৮টি পরিবারের সদস্যবর্গকে সম্মাননা স্মারক ও শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। পুলিশ সুপার নিহত পুলিশ সদস্যদের প্রত্যেকের পরিবারবর্গের হাতে ক্রেস্ট ও ব্যবহার্য সামগ্রী তুলে দেন। নিহত পুলিশ সদস্যদের পরিবারবর্গ পুলিশ সুপারকে তাদের কাছে পেয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মোঃমুন্না বিশ্বাস সহ বিভিন্ন ইউনিটের প্রধানগণ, সদর কেন্দ্রিক

পুলিশ পরিদর্শক ও বিভিন্ন পদমর্যাদার পুলিশ সদস্যগণ এবং কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ সদস্যদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০১৭ সাল থেকে প্রতি বছর ১ মার্চ নিহত পুলিশ সদস্যদের স্মরনে পুলিশ মেমোরিয়াল ডে পালন করা হয়ে থাকে।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩কেজি গাঁজাসহ গ্রেফতার ১

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩কেজি গাঁজাসহ লাল্টু নামের একজনকে গ্রেফতার করেছে দামুড়হুদা থানা পুলিশ।

বুধবার সকাল ৬ টার দিকে উপজেলার আরামডাঙ্গা গ্রামে রশিদের বাড়ি সংলগ্ন মুদি দোকানের সামনে থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলো উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরাম গ্রামের আলাল উদ্দিনের ছেলে লাল্টু (৩২)।

পুলিশ সুত্রে জানাগেছে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই ইমরান ও এএসআই মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্স সহ উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামে অভিযান চালিয়ে একটি মুদি দোকানের সামনে থেকে ৩কেজি গাঁজাসহ লাল্টু কে গ্রেফতার করে। আসামীকে দামুড়হুদা মডেল থানায় হস্তান্তর করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন ৩কেজি গাঁজাসহ গ্রেফতারকৃতকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।